গাংনীতে বৃষ্টির জন্য ইস্তিসকার নামাজ আদায়

মেহেরপুরে বৃষ্টির জন্য ইসতিসকার নামাজ আদায় করলেন, মুসল্লিরা। আজ বৃহস্পতিবার (২৫ এপ্রিল) সকালে, গাংনী উপজেলা শহরের ফুটবল মাঠে এই নামাজের ব্যবস্থা করা হয়। এতে ইমামতি করেন গাংনী মাদ্রাসা মসজিদের ইমাম মাওলানা খালিদ সাইফুল্লাহ।

দোয়া ও মোনাজাত পরিচালনা করেন, দারুসসালাম জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা রুহুল আমিন। এই নামাজে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী এমএ খালেক, দারুচ্ছুন্নাত মসজিদের ইমাম মাওলানা আমানুল্লাহ উপস্থিত ছিলেন।

নামাজ শেষে, মুসল্লিদের উদ্দেশ্যে খুতবা দেন গাংনী দারুচ্ছুন্নাত মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা রুহুল আমিন।

এরপরই, বৃষ্টির আশায় হয় বিশেষ মোনাজাত। কান্নাজড়িত কণ্ঠে আল্লাহর কাছে দাবদাহ থেকে মুক্তি চান মুসল্লিরা। একইসাথে, বৃষ্টির মাধ্যমে সারাদেশে শীতল স্পর্শ বুলিয়ে দেয়ার দোয়াও করেন তারা। নামাজ শেষে, মুসল্লিরা বলেন- বৈশ্বিক জলবায়ু পরিস্থিতি ভালো না। মানুষের সুস্থতার জন্যেই বৃষ্টির আশায় তারা আদায় করেছেন এই নামাজ। আরও বলেন, বনায়ন ধ্বংসের কারণে প্রতিবছর তাপমাত্রা বাড়ছে। পৃথিবী রক্ষায় এখনই সচেতন হতে হবে।

মেহেরপুর জেলা জুড়ে বইছে তীব্র তাপপ্রবাহ। মানুষের দুর্ভোগ চরম আকার ধারণ করেছে।

আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বেশ কিছুদিন যাবৎ তাপমাত্রা ৪২ থেকে ৪৩ ডিগ্রি তাপমাত্রা বইছে। গাংনী উপজেলায় তীব্র তাপদহে দুজন মারা যাওয়ার খবর পাওয়া গেছে। গাংনী উপজেলার রুইয়েরকান্দি গ্রামের শিল্পী খাতুন (৪৫) ও গাঁড়াডোব গ্রামের আব্দুল বারী হিট স্ট্রোকে মারা গেছেন।

তীব্র তাপদাহ ও অনাবৃষ্টি থেকে রক্ষা পেতে বৃষ্টির জন্য গাংনীতে সালাতুল ইস্তিসকার নামাজ আদায় করেন।

এসময় গাংনী পৌর শহরের বিভিন্ন মুসল্লীরা ইস্তিসকার নামাকে উপস্থিত হয়ে নামাজ শেষে আল্লাহর কাছে মোনাজাত করে বৃষ্টির প্রার্থনা করেন।

স্বাস্থ্য ও শিক্ষার পরিবেশ উন্নত করবো – ডা. আবু সালেহ মো: নাজমুল হক

ডা. আবু সালেহ মো: নাজমুল হক মেহেরপুরের-২ আসনে সাবেক সংসদ সদস্য মকবুল হোসেনকে হারিয়ে সংসদ সদস্য নির্বাচিত হন। নির্বাচিত হয়ে তিনি গাংনী উপজেলার স্বাস্থ্য ব্যবস্থ্য, শিক্ষার সুষ্ঠ পরিবেশ, অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থানসহ বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন বলে মেহেরপুর প্রতিদিনকে জানিয়েছেন।

ডা. আবু সালেহ মো: নাজমুল হক বলেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শয্যা সংখ্যা বৃদ্ধি ও আরও একটি নতুন হাসপাতাল স্থাপনের প্রস্তাব করা হয়েছে, যেটি এখন বিবেচনাধীন আছে।

নাজমুল হক বলেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫০ শয্যার বিপরীতে রোগী ভর্তি থাকে গড়ে ৭০ থেকে ৭৫ জন। যেখানে পদায়নকৃত চিকিৎসক পদের তুলনায় কম, অন্যান্য জনবলের সংকট রয়েছে, ফলে অবকাঠামো থাকলেও এখানে স্বাস্থ্যসেবা প্রদানে সরকারি প্রতিষ্ঠান সমুহ পুর্ণ সক্ষমতায় সেবা প্রদান করতে পারছে না।

এমপি নাজমুল হক বলেন, বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ এবং মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে এবং চিকিৎসক অন্যান্য সহযোগী পদ পুরন ও পর্যাপ্ত ঔষধ ও পরিক্ষা নিরিক্ষার সরকারি পর্যায়ে সহজ লভ্য করতে সকল পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়েছে এবং সংশ্লিষ্ট দপ্তর সমুহে চাহিদা প্রেরণ করা হয়েছে, কিছু ইতোমধ্যে পুরন হয়েছে বাকি যা আছে আগামী অর্থ বছর থেকে পুর্ণ সক্ষমতায় সেবা প্রদান করা যাবে।

এমপি আরও বলেন, ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্রসমুহ এবং কমুউনিটি

ক্লিনিক সমুহে নিয়মিত সেবা নিশ্চিত করণে পদক্ষেপ হিসাবে আমি নিজেও সেইসব প্রতিষ্ঠান এ পরিদর্শন করছি এবং মাঝে রোগী দেখে চিকিৎসা প্রদান করছি।

গাংনীর অন্যান্য বিষয় নিয়ে তিনি বলেন, অবকাঠামো উন্নয়ন, শিক্ষিত বেকারের হার কমাতে স্থানীয় ভাবে তরুণদের দক্ষতা বৃদ্ধির জন্য উপযুক্ত প্রশিক্ষণ এর ব্যবস্থা করা, গাংনীতে উৎপাদন মুখি প্রতিষ্ঠান স্থাপনে স্থানীয় এবং অস্থানীয় বিনিয়োগ কারীদের উদ্বুদ্ধ করন, মাদকের বিরুদ্ধে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ, শিক্ষা প্রতিষ্ঠান সমুহে শিক্ষার্থী বান্ধব পরিবেশ তৈরি করা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ডা. এ এস এম নাজমুল হক গাংনী থানা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি, প্রাদেশিক পরিষদের সদস্য, গণপরিষদ সদস্য ও সাবেক সংসদ সদস্য নরুল হকের ছেলে। ডা. সাগরের মেজ বোন সেলিনা পারভীন ২০১৪ সালে সংরক্ষিত মহিলা আসনের এমপি ছিলেন।

ডা. এ এস এম নাজমুল হক শিক্ষা জীবনে ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত ছিলেন। ১৯৯২-৯৩ সালে তিনি রাজশাহী মেডিকেল কলেজ শাখা ছাত্রলীগের দপ্তর সম্পাদক, ১৯৯৪-৯৫ সালে সাধারণ সম্পাদক এবং সভাপতি হিসেবে ১৯৯৫-৯৭ সালে রাজশাহী মেডিকেল কলেজ শাখার ছাত্রলীগের নেতৃত্ব দিয়েছেন।

তিনি ২৩ তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে যোগদান করেন। সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করার উদ্দেশ্যে ২০২০ সালে (চাকুরির মেয়াদ ছিল ২০৩২ সাল পর্যন্ত) সরকারি চাকরি থেকে স্বেচ্ছা অবসর নেন। বর্তমানে তিনি মেহেরপুর জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিয়য়ক সম্পাদক, মুক্তিযোদ্ধা চিকিৎসক প্রজন্মের কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহবায়ক এবং স্বাধীনতা চিকিৎসক পরিষদ কেন্দ্রীয় কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

সম্প্রীতির গাংনী গড়তে মতবিনিময় সভা অনুষ্ঠিত

পিস ফ্যাসিলেটর গ্রুপ (পিএফজি) গাংনীর আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় অনুষ্ঠিত হয়েছে সম্প্রীতির মিলন মেলা।

সম্প্রীতির গাংনী গড়তে আজ বুধবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে গাংনী উপজেলার রাজনৈতিক দলগুলোর প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি, সরকারি কর্মকর্তা, সাংবাদিক, ধর্মীয় নেতা, আগামী ২১ মে দ্বিতীয় ধাপে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণকারী চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পুরুষ ও ভাইস চেয়ারম্যান মহিলা প্রার্থী সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে এ মিলনমেলা ।

গাংনী প্রেসক্লাবের সভাপতি ও অনুষ্ঠানের আহবায়ক সাংবাদিক তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে এবং পিএসজি গাংনী উপজেলা সমন্বয়ককারী সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রার্থী ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, সাবেক সমন্বয়কারী আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনী মোবারক, উপজেলা শিক্ষা অফিসার নাসিরুদ্দিন, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, গাংনী কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম ও খতিব হাফেজ রুহুল আমিন, উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম জাহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থী জাকিয়া আক্তার আল্পনা, গাংনী প্রেসক্লাবের সহ-সভাপতি মজনুর রহমান আকাশ আকাশ, সাংবাদিক জুলফিকার আলি কানন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা বাজার কমিটির সভাপতি ইন্জিনিয়ার সালাউদ্দিন শাওন, যশোর অফিসের টিএইচপি

গিয়াসউদ্দিন, গাংনী অফিসের টিএইচপি হেলালউদ্দীন, অনুষ্ঠানে বক্তারা সম্প্রীতির গাংনী গড়তে এবং আগামী উপজেলা পরিষদ নির্বাচনের আগে ও নির্বাচন পরবর্তী বিভিন্ন রকম সহিংসতা ও কালোটাকা পেশীশক্তিমুক্ত নির্বাচন ও সুষ্ঠু এবং শান্তিপূর্ণ নির্বাচন করার জন্য বিভিন্ন সুপারিশ করেন। নির্বাচন ইস্যুতে সকল প্রার্থী যাতে এক টেবিলে কাজ করতে পারে ও বসতে পারে তার জন্য সুপারিশ করেন। ভবিষ্যতে আরও এ ধরণের আয়োজের জন্য বক্তারা সুপারিশ করেন। সকল দলের প্রার্থী ও দলের প্রতিনিধিদের এক টেবিলে বসার ব্যবস্থা করার জন্য পিএফজি কে ধন্যবাদ জানান।

গাংনীতে অনুমোদনহীন ফুড এন্ড বেভারেজ কারখানাকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে লাইসেন্স ও অনুমোদন ব্যতিত আইসক্রিম, ললিপপ, আইস ড্রিংকস তৈরি করার অপরাধে আইকন ফুড এন্ড বেভারেজের মালিককে ৫০হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার।

আজ বুধবার দুপুরে মেহেরপুরের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপপরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।

অভিযানে গাংনী স্যানিটারি ইন্সপেক্টর জনাব মো: মশিউর রহমান, কৃষি বিপণন কর্মকর্তা মো: জিবরাইল হোসেন ও মেহেরপুর জেলা পুলিশের একটি টিম অংশ নেন।

সজল আহমেদ জানান, মেসার্স আইকন ফুড এন্ড বেভারেজ নামক একটি আইসক্রিম, আইস ললি ও আইস ড্রিংকস তৈরিকারি প্রতিষ্ঠানে তদারকিতে দেখা যায় যথাযথ লাইসেন্স ও অনুমোদন ব্যাতিত বিভিন্ন নিম্নমানের অননুমোদিত কৃত্রিম রঙ, ফ্লেভার, কেমিক্যাল ব্যবহার করে তৈরি হচ্ছে নানা প্রকার আইসক্রিম ও আইস ললি, হাই স্পিড, সেভেন আপ, রোবো, রোবোটসহ নানা নামে তৈরি হচ্ছে এসব পণ্য ড্রিংকস পানীয়।

কেমিক্যাল ব্যবহার করলেও নেই কোন কেমিস্ট বা ল্যাব। উৎপাদিত এসব পণ্যের মানা হচ্ছেনা কোন মোড়কীকরণ বিধি। অননুমোদিত ক্ষতিকর রঙ ও ফ্লেভার দিয়ে অস্বাস্থ্যকরভাবে তৈরি বাচ্চাদের প্রিয় এসব পণ্য ছড়িয়ে দেয়া হচ্ছে মেহেরপুর ও কুষ্টিয়ার প্রত্যন্ত অঞ্চলে।

তিনি আরও জানান, প্রচন্ড তাপদাহ ও গরমে এসব পণ্যের চাহিদা বেড়ে যাওয়ায় সুযোগ নিচ্ছে অসাধু ব্যবসায়ীরা এবং এসব পণ্য মেহেরপুরের হাড়াভাংগা গ্রামে তৈরি হলেও মোড়কজাত ও বাজারজাত করা হচ্ছে ঢাকা- বাংলাদেশ, মুন্সিগঞ্জ-বাংলাদেশ, সাতক্ষীরা-বাংলাদেশ, বি-বাড়িয়া বাংলাদেশ, টংগী, গাজিপুরসহ বিভিন্ন এলাকার নাম লেখা প্যাকেট সমূহে।

এ সমস্ত অপরাধের ভিত্তিতে প্রতিষ্ঠানটির ম্যানেজার মো: লিখন আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭, ৪২ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয় এবং প্রতিষ্ঠানটির যথাযথ লাইসেন্স ও অনুমোদন না পাওয়া পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়।

।

মেহেরপুরে পৃথক অভিযানে ১৫০ বোতল ফেনসিডিলসহ দুই জন আটক

মেহেরপুর সদর ও গাংনীতে পৃথক দুটি অভিযান চালিয়ে ১৫০ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

মঙ্গলবার রাত পোনে ৯টার দিকে মেহেরপুর ডিবি পুলিশের এস আই মহসিন সঙ্গীয় ফোর্স নিয়ে সদর উপজেলা কামদেবপুর গ্রামের হঠাৎপাড়ায় অভিযান চালিয়ে ১০০ বোতল ফেনসিডিলসহ লিয়াকত আলীর ছেলে গাফফার কে আটক করে।

অপরদিকে, বিকালে ডিবির এস আই আশরাফুল ইসলাম গাংনী উপজেলার তেরাইল পশ্চিমপাড়া কবরস্থানের নিকট অভিযান চালিয়ে ৫০ বোতল

ফেনসিডিলসহজাহাঙ্গীর হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে।

আটক জাহাঙ্গীর হোসেন সহরাডাঙ্গা গ্রামের মোয়াজ্জেম হোসেনের ছেলে।

আটক আসামীদের বিরুদ্ধে সদর ও গাংনী থানায় পৃথক মামলা দায়ের করে থানায় হস্থান্তর করা হয়েছে।

গাংনীর তেঁতুলবাড়িয়া ইউনিয়নের নারী সদস্যের অভিযোগের প্রতিবাদে ১১ মেম্বরের প্রতিবাদ

গাংনী উপজেলায় তেঁতুলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান নাজমুল হুদার বিরুদ্ধে সংরক্ষিত নারী সদস্যের লিখিত অভিযোগের প্রিতিাদ ও নিন্দা জানিয়েছেন ওই ইউনিয়নের ১১ মেম্বর।

আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) দুপুরে গাংনী উপজেলা প্রেসক্লাবে এসে সাংবাদিক সম্মেলন করে এই প্রতিবাদ ও নিন্দা জানান তারা।

সংবাদ সম্মেলনে মেম্বরদের পক্ষ থেকে লিখিত বক্তব্য পাঠ করেন ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সদস্য আঃ ওহাব।

লিখিত বক্তব্যে তিনি বলেন, গতকাল সোমবার গাংনীর তিনটি অনলাইন পেইজ (ফেসবুকে) তেঁতুলবাড়িয়া ইউনিয়নের ৪,৫,৬, নং ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য দিপালী খাতুন চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাসের বিভিন্ন কাজের অনিয়ম তুলে ধরে মিথ্যা সংবাদ সম্মেলন করেন। একটি লিখিত অভিযোগ গাংনী উপজেলা নির্বাহী অফিসার, বিভিন্ন দফতরসহ সাংবাদিক সংগঠনগুলোকে দেন। তারই প্রেক্ষিতে আজ মঙ্গলবার দুপুরে আমরা ১১ ইউপি সদস্য তার মিথ্যা অভিযোগের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছি। ২ জন সংরক্ষিত নারী সদস্যসহ ১১ জন সদস্য যেখানে এক সাথে কাজ করছি। সেখানে একজন ব্যক্তি নিজের কাজের অনিয়ম

ঢাকতে চেয়ারম্যানের বিরুদ্ধে এই সংবাদ সম্মেলন ও মিথ্যা লিখিত অভিযোগ দিয়েছেন।

তারা আরো বলেন, ইউপি সদস্য দিপালী খাতুন প্রায় সময় ইউনিয়ন পরিষদে কম আসেন। পরিষদে আসলেও ছোটখাটো বিষয় নিয়ে সদস্য ও চেয়ারম্যানের সাথে বিভাজন সৃষ্টি করেন। মাঝে মাঝে অন্যান্য মেম্বরদের সাথে অসাদাচারণ করার পাশাপাশি অশ্রাব্য ভাষায় গালগালিজ দিয়ে থাকেন। তার উগ্র আচরণের কারণে কেউ তার সাথে কথা বলতে চাননা।

চেয়ারম্যান নাজমুল হুদার বিরুদ্ধে আনিত এলজিএসপি’র প্রকল্পে দূর্ণীতি, স্বজন প্রীতি, ওয়ান পার্সেন্টের হিসাব না দেওয়াসহ পরিষদের অন্যান্য বরাদ্দ আত্মসাৎ প্রসঙ্গে তারা বলেন, সকল ধরণের বরাদ্দ মেম্বর ও অফিসের সহকারিদের সমন্বয়ে আলাপ আলোচনা করে গ্রহণ করা হয়।

মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

আসন্ন মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) দুপুরের দিকে মেহেরপুর জেলা নির্বাচন অফিস মিলনায়তনে প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেয়া হয়।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও রিটানিং অফিসার মো: ওয়ালি উল্লাহ প্রতীক বরাদ্দ দেন। এসময় মেহেরপুর সদর উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তিসহ প্রার্থীরা উপস্থিত ছিলেন।

সদর উপজেলা পরিষদে চেয়ারম্যান পদে জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ঘোড়া) যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন (কাপ পিরিচ), আনারুল ইসলাম (মোটরসাইকেল) এবং

মোঃ হাসেম আলী (আনারস) প্রতীক পেয়েছেন।

ভাইস-চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাসেম (চশমা) ও মোহাম্মদ শাহিন (টিউবওয়েল), মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্তমান ভারপ্রাপ্ত উপচেলা চেয়ারম্যান লতিফন নেছা লতা (বৈদ্যুতিক পাখা), সামিউন বাশিরা পলি (হাঁস) এবং রোমানা আহমেদ (কলস) প্রতীক পেয়েছেন।

মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে সাবেক ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু (আনারস), উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সদস্য কামরুল হাসান চাদুঁ (ঘোড়া), রফিকুল ইসলাম (কাপ পিরিচ) এবং মাহবুবুর রহমান (মোটরসাইকেল) পেয়েছেন।

ভাইস-চেয়ারম্যান পদে বিএম জাহিদ হাসান (টিউবওয়েল) ও মতিউর রহমান (চশমা), মহিলা ভাইস-চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন (ফুটবল) ও যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন (কলস) প্রতীক পান।

আগামী ৮ মে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

গাংনীতে পিএসকেএসের কৃষি পরামর্শ সভা ও উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় কৃষি পরামর্শ কেন্দ্রের আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার(২৩ এপ্রিল) সকালে উক্ত পরামর্শ কেন্দ্র পরামর্শক হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর উপজেলার কৃষি কর্মকর্তা কৃৃষিবিদ মোঃ ইমরান হোসেন। বর্তমান সময়ে ধানের অবস্থা আম ও লিচুর মুকুলের ব্যবস্থাপনা আলোচনা করা হয়।

এসময় উপকারভোগীদেরকে উক্ত উপকরণ প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয় । উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ ।

মেহেরপুরে সর্বজনীন পেনশন স্কিম রেজিস্ট্রেশন বুথ উদ্বোধন

সর্বজনীন পেনশন স্কিম সেবা প্রদান সহজীকরণের লক্ষে মেহেরপুরে জেলা প্রশাসক কার্যালয়ের জেলা ই সেবা কেন্দ্রে সর্বজনীন পেনশন স্কিম রেজিস্ট্রেশন বুথ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) বেলা ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসান এই রেজিস্ট্রেশন বুথের উদ্বোধন করেন।

বাংলাদেশের সকল শ্রেণীর জনসাধারণকে পেনশন সুবিধার আওতায় আনার জন্য বর্তমান সরকার সর্বজনীন পেনশন স্কিম চালু করে এক অনন্য উদাহরণ সৃষ্টি করেছে। এই স্কিম চালু করতে গিয়ে সাধারণ মানুষ যাতে কোন সমস্যায় না পড়ে। সহজে ও দ্রুত যাতে স্কিম চালু করতে পারেন, সে লক্ষ্য এ বুধ স্থাপন করা হলো। বুথের মাধ্যমে জনগণকে স্কিম চালুর জন্য বিভিন্ন সুযোগ সুবিধা সরাসরি প্রদান করবে মেহেরপুর জেলা প্রশাসন।

উদ্বোধনী অনুষ্টানে অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, অতিরিক্ত জেলা প্রশাসকবৃন্দ, জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার ও সহকারী কমিশনারগণ এবং কালেক্টরেটের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

বুথ উদ্বোধনকালে জেলা প্রশাসক শামীম হাসান বলেন, ‘সার্বজনীন পেনশন স্কিম চালু সরকারের এক অনন্য ও জনকল্যাণমুখী উদ্যোগ। সরকারের এই মহতী উদ্যোগ বাস্তবায়নের জন্য এবং মেহেরপুর জেলার

সকল জনসাধারণকে সহজে স্কিম চালু করার প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য এই বুথ চালু করা হলো। এই সেবার মাধ্যমে এখন দেশের সর্বস্তরের জনগণ পরনির্ভরশীলতা থেকে বের হয়ে আসতে পারবে।’

এসময় তিনি সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের তাদের পরিবারকে এই সেবার আওতায় আনার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

রেজিস্ট্রেশন বুথ উদ্বোধনের পর জেলা প্রশাসক মোঃ শামীম হাসান মেহেরপুর প্রতিদিনকে বলেন,’ সর্বজনীন পেনশন স্কিমে দেশের অন্যান্য জেলার তুলনায় মেহেরপুরে জনগনের মধ্যে তুলনামূলক ভাবে কিছুটা কম সাড়া পাওয়া গেছে। এজন্য জেলার আপামর জনগনকে উদ্বুদ্ধ করতে এবং সার্বজনীন পেনশন স্কিমের আওতায় আনতে জেলা প্রশাসনের পক্ষ থেকে জনসচেতনতামূলক নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে আজ এই রেজিস্ট্রেশন বুথের উদ্বোধন করা হলো।’

মেহেরপুরে পপুলার লাইফের ইনস্যুরেন্সের বার্ষিক সম্মেলন ও চেক হস্তান্তর

মেহেরপুরে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনকারী মাঠ পর্যায়ের কর্মী ও কর্মকর্তাদের বার্ষিক সম্মেলন ও বীমা দাবির ৭৯ লাখ টাকার চেক বীমা গ্রাহকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এই বার্ষিক সম্মেলন ও চেক হস্তান্তর কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আল-আমিন বীমা প্রকল্প, পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড মেহেরপুরের জোনাল ম্যানেজার মো: রাফিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কোম্পানিটির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক বি এম শওকত আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক কামাল হোসেন মহাসিন ও খুলনা অঞ্চলের প্রকল্প পরিচালক সৈয়দ সাইফুল ইসলাম রুবেল।

বার্ষিক সম্মেলন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মাঠ পর্যায়ের ৩০০ বীমা কর্মী ও কর্মকর্তারা।

প্রধান অতিথির বক্তব্যে বিএম শওকত আলী বলেন, ‘এখন পর্যন্ত পপুলার লাইফ ইনস্যুরেন্স সাড়ে ৬ হাজার কোটি টাকার বিমা দাবী পূরণ করেছে। এটা বাংলাদেশের ইতিহাসে এক অনন্য রেকর্ড। পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানিতে বর্তমানে ৭০ হাজার লোক কর্মরত আছেন। কর্মীদের সুরক্ষার কথা বিবেচনা করে সকলকে গ্রুপ ও হেলথ ইনস্যুরেন্স সহ নানা সুবিধা প্রদান করা হচ্ছে।’

অনুষ্ঠানের শেষ পর্যায়ে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক বি এম ইউসুফ আলী ভার্চুয়ালি যুক্ত হন এবং কর্মকর্তা-কর্মচারীদের নানা দিক নির্দেশনা দেন। অতঃপর মধ্যাহ্নভোজ ও মেয়াদোত্তীর্ণ ১১০ জন গ্রাহকের বীমা দাবীর বিপরীতে মোট ৭৯ লাখ টাকার চেক হস্তান্তর করা হয়।